দুর্নীতি বাজরা আওয়ামীলীগে স্থান পাবেনা-কেসিসি মেয়র

দলের পদ পদবী ব্যবহার করে দলীয় আওয়ামীলীগ সরকারের কেউ দূর্নীতি আর অনিয়মের সাথে জড়িত থাকলে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে। আর মোংলা-রামপালে যারা আওয়ামীলীগের সাথে সংশ্লিষ্ট আছেন তাদের কঠোরভাবে হুশিয়ারী করা হচ্ছে। বর্তমান সরকার দেশকে সচ্ছতা ফিড়িয়ে আনতে অভিযান শুরু করেছে। এ অভিযান সফল ও সহযোগীতা করা আমাদের কর্তব্য। যদি কেউ এ সকল অপরাধের সাথে জড়িত থাকে তাকে ছাড় দিবেননা সরকার।

সোমবার মোংলা উপজেলার সোনাইলতলা ইউনিয়ন আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠানে এমন মন্তব্য করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব তালুকদার আবদুল খালেক।

সোনাইলতলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হুমায়ন সর্দারের সভাপতিত্বে বিকাল ৫টায় ইউনয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি বক্তিতায় তালুকদার আবদুল খালেক বলেন, আগামী বছরের জুন মাসের মধ্যে মোংলা উপজেলায় প্রতিটি ইউনিয়নের ঘরে ঘরে বিদুৎ সংযোগ দেয়া হবে। আর যোগাযোগ ব্যবস্থা উন্নোয়নের জন্য খাল খনন কাজ শেষ হলে ক্ষতি গ্রস্থ্য ও প্রয়োজনানুসারে নতুন ব্রিজ ও কালভার্ট নির্মান করা হবে। এ সময় নতুন কাউন্সিল প্রসংগে মেয়র বলেন, ত্যাগী ও পরিক্ষিত আওয়ামীলীগের নেতা কর্মিদের কমিটিতে মুল্যায়ন করা হবে। তবে নতুন যোগদানকারী সুযোগ সন্ধানীরা দলের ভাবমুর্তি যেন নষ্ট করতে না পারে সে দিকে সবাইকে সজাগ থাকার আহবান জানান তিনি।

কাউন্সিল অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, বাগেরহাট জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান মোল্লা আবদুর রউফ, মোংলা উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু তাহের হাওলাদার, মোংলা উপজেলা আওয়ামীলীগের সভাপতি বাবু সুনিল কুমার বিশ্বাস, সাধারন সম্পাদক মোহাম্মদ ইব্রাহিম হোসেন, পৌর আওয়ামীলীগের সভাপতি (ভারপ্রাপ্ত) শেখ আবদুস সালাম, সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা শেখ আবদুর রহমান, উপজেলা যুবলীগ সভাপতি ইউপি চেয়ারম্যান ইসরাফিল হাওলাদার, চেয়ারম্যান মোল্লা তরিকুল ইসলামসহ আরো অনেকে। পরে সোনাইলতলা ইউনিয়নের নয়টি ওয়ার্ড কমিটি ও ৬৯

সদস্য বিশিষ্ট ইউনিয়ন কমিটি ঘোষনা করেন। এ কমিটিতে অন্য কোন প্রতিদন্ধি না থাকায় সভাপতি হুমায়ন সর্দার ও সাধারন সম্পাদক আলী আকবর শেখ’র নাম ঘোষনা করা হয়। পরে ইউনিয়ন কমিটির সভাপতি ও সাধারন সম্পাদক এবং ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারন সম্পাদক মাহবুব মোল্লা, আঃ হামিদ শেখ, হেমায়েত শেখ, ফারুক সরদার, আঃ ছত্তার শেখ, আব্দুল্লাহ, ইদ্রিস আলী শেখসহ ১৮জনকে সবার সামনে উপস্থিত করে জানতে চাওয়া হয় তাদের বিরুদ্ধে দলীয় শৃংখ্যলা ভঙ্গ করে কোন অনৈতিক বা বিতর্কিত কর্মকার্ন্ডে জড়িত আছে কিনা। এসময় কারো কোন অভিযোগ না পাওয়ায় আগামী তিন বছরের জন্য তাদের উপর সোনাইলতলা ইউনিয়নের আওয়ামীলীগের দায়িত্ব হস্তান্তর করা হয়। এ সম্মেলনে সোনাইলতলা ইউনিয়নে প্রতিটি ওয়ার্ড থেকে বিপুল সংখ্যক নেতাকর্মী মিছিলসহকারে উপস্থিত হন।